মুজিব শতবর্ষ

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
সংস্থাপন শাখা
www.bjri.gov.bd

স্মারক নং-১২.২৩.০০০০.০০৪.০৬.০১১.২১. ১৬৯৯ (৬৮) তারিখ-১৪/১১/২১

## নিয়োগপত্র

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) পদোন্নতি/নিয়োগ কমিটি-১ এর গত ২৪ ও ২৫ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক নিম্নলিখিত প্রার্থীগণের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল ও বেতনস্কেলে সম্পুর্ণ অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো। তাদের এ নিয়োগের বিষয়ে বিজেআরআই এর পদোন্নতি/নিয়োগ কমিটি-১ সভার উক্ত সুপারিশ বিজেআরআই এর পরবর্তী বোর্ড সভায় ভুতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। এ ক্ষেত্রে বোর্ড এর সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

| নং | প্রার্থীর ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | পদ ও কর্মস্থল | বেতন স্কেল, ২০১৫ |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ সোহেল রানা<br>পিতা-মোঃ মনসুর আলী | গ্রাম+ডাকঘর-পাহাড়িয়াকান্দি<br>উপজেলা-বাঞ্ছারামপুর<br>জেলা-ব্রাহ্মণবাড়িয়া। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)<br>পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, চান্দিনা<br>কুমিল্লা। | ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) |
| ২ | জনাব মোঃ ফখরুল আবেদীন হিমেল<br>পিতা-মোঃ আবুল মনসুর | গ্রাম-চাড়িয়া<br>ডাকঘর-হেমগঞ্জ বাজার<br>উপজেলা-নান্দাইল<br>জেলা-ময়মনসিংহ। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)<br>ফিজিক্স শাখা, টেক্সটাইল ফিজিক্স<br>বিভাগ, প্রধান কার্যালয় ঢাকা-১২০৭। | ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) |
| ৩ | জনাব মোঃ সোহেল মিয়া<br>পিতা-মোঃ আব্দুল মালেক | গ্রাম-দক্ষিণ নাগদা<br>ডাকঘর-খাদেরগাঁও<br>উপজেলা-মতলব দক্ষিণ<br>জেলা-চাঁদপুর। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)<br>টেস্টিং এন্ড স্ট্যান্ডার্ডাইজেশন শাখা<br>টেক্সটাইল ফিজিক্স বিভাগ, প্রধান<br>কার্যালয়, ঢাকা-১২০৭। | ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) |

শর্তসমূহঃ

ক) তারা নিয়মিত বেতন ছাড়া ইনস্টিটিউট কর্তৃক কর্মচারীদের দেয় সুবিধাদি ভোগ করতে পারবেন।

খ) অত্র ইনস্টিটিউটের অধীন কর্মরত অবস্থায় তাদেরকে ইনস্টিটিউটের চাকরির যাবতীয় শর্তাবলী, বেতন, ভবিষ্য তহবিল ও ছুটি ইত্যাদি বিষয়ক বিধি-বিধান মেনে চলতে হবে।

গ) ইনস্টিটিউট কোন কারণ দর্শানো ব্যতিরেকে ৩ (তিন) মাসের নোটিশ দিয়ে অথবা তৎপরিবর্তে ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে চাকরির অবসান করতে পারবে।

ঘ) তিনি/তারা নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং ঐরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ৩ (তিন) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।

ঙ) অস্থায়ী চাকরির সময়ে তিনি/তারা ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।

চ) অত্র ইনস্টিটিউটের অধীনে বাংলাদেশের যে কোন জায়গায় প্রয়োজনবোধে চাকরির আবশ্যকতা অনুযায়ী তাদেরকে বদলি করা যাবে।

ছ) তাদেরকে ৬ (ছয়) মাস শিক্ষানবিস থাকতে হবে। শিক্ষানবিসকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান হলে নিয়োগপ্রাপ্ত পদে চাকরি স্থায়ী করা হবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে স্থায়ীকরণ নির্ভর করবে। শিক্ষানবিসকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে শিক্ষানবিসকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার/তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার/তাদের চাকরির অবসান করতে পারবেন।

জ) চাকরিতে যোগদানের সময় পূর্বতন অফিসের (যদি চাকরিরত হন) চাকরির ছাড়পত্র আনতে হবে।

(চলমান পাতা-২)

ঝ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে তাকে/তাদেরকে আগামী ২৪-১১-২০২১ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিজেআরআই বরাবর কাজে যোগদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/১১/২১

(ড. মাহমুদ আল হোসেন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

ক্রমিক নং-১ হতে ৩ পর্যন্ত।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

১। পরিচালক, পিটিসি/কৃষি/জুট টেক্সটাইল/কারিগরি, বিজেআরআই।
২। সকল সিএসও, ..............................................., বিজেআরআই।
৩। পিএসও, খামার ব্যবস্থাপনা শাখা/পাটের কৃষি পরীক্ষা কেন্দ্র, জাগীর, মানিকগঞ্জ।
৪। পিএসও, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র, রংপুর/কিশোরগঞ্জ/ফরিদপুর/চান্দিনা, কুমিল্লা।
৫। সিস্টেম এনালিস্ট, বিজেআরআই। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৬। উপ-পরিচালক, প্রশাসন/অর্থ ও হিসাব, বিজেআরআই।
৭। এসএসও, পাট গবেষণা উপকেন্দ্র, মনিরামপুর/তারাব/পটুয়াখালী/পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নসিপুর।
৮। সকল শাখা প্রধান, ........................................, মহাপরিদপ্তর, বিজেআরআই।
৯। ব্যক্তিগত নথি।

অনুলিপিঃ

১। পিএস টু ডিজি, বিজেআরআই।
২। পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), বিজেআরআই।